

PRINT

সমকাল

চাকসু নির্বাচনের দাবিতে ফের সরব ছাত্র সংগঠনগুলো

১০ ঘণ্টা আগে

চবি সংবাদদাতা

ছাত্র সংগঠনগুলোর দাবির মুখে চলতি বছরের মার্চে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় ছাত্র সংসদ (চাকসু) ও হল সংসদ নির্বাচনের ঘোষণা দিয়েছিলেন সদ্য সাবেক উপাচার্য ইফতেখার উদ্দিন চৌধুরী। চাকসুর নীতিমালা পর্যবেক্ষণে ২১ মার্চ বিজ্ঞান অনুষদের ডিন মোহাম্মদ সফিউল আলমকে প্রধান করে একটি কমিটিও গঠন করা হয়েছিল। ৬ মাস পরও ওই কমিটি কোনো প্রতিবেদন না দেওয়ায় স্থবির হয়ে পড়ে চাকসু নির্বাচনের আলোচনা। তবে সম্প্রতি ছাত্র সংগঠনগুলো চাকসু নির্বাচনের দাবিতে ফের সরব হয়েছে। গতকাল মঙ্গলবার চাকসু ভবনে ছাত্র ইউনিয়নের নবনির্বাচিত কমিটির সঙ্গে প্রগতিশীল সংগঠনগুলোর পরিচিতি অনুষ্ঠানেও চাকসু নির্বাচনের দাবি তোলা হয়।

© সমকাল 2005 - 2019

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :

+৮৮০১৯১১০৩০৫৫৭ (প্রিন্ট পত্রিকা), +৮৮০১৮১৫৫৫২৯৯৭ (অনলাইন) । ইমেইল:

ad.samakalonline@outlook.com

